



# ১৭ মার্চ উপলক্ষে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানকে সরকারের নির্দেশনা

টিবিটি নিউজ ডেস্ক

প্রকাশিত: ৮:০৮ অপরাহ্ণ, ফেব্রুয়ারি ২৮, ২০১৯ | আপডেট: ৮:০৮:অপরাহ্ণ, ফেব্রুয়ারি ২৮, ২০১৯




যথাযথ মর্যাদায় আগামী ১৭ মার্চ জাতীয় শিশু দিবস এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মবার্ষিকী উদযাপনের নির্দেশ দিয়েছে সরকার। এদিন দেশব্যাপী সব জেলা ও উপজেলা সদরে শিশু সমাবেশ, আনন্দ শোভাযাত্রা, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করতে হবে।

জানা গেছে, ১৭ মার্চ জাতীয় শিশু দিবস এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মবার্ষিকী উদযাপনে সম্প্রতি শিশু একাডেমির সম্মেলন কক্ষে আয়োজিত এক সভায় এসব সিদ্ধান্ত নেয়া হয়েছে। ইতিমধ্যে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ থেকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে চিঠি দিয়ে এ সভার সিদ্ধান্ত বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে বলা হয়েছে।

আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত অনুযায়ী, আগামী ১৭ মার্চ জাতীয় শিশু দিবস এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মবার্ষিকী উদযাপনে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভার আয়োজন করতে হবে। এছাড়া প্রতিষ্ঠানগুলোতে রচনা প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে। শিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এ সিদ্ধান্ত বাস্তবায়নে কাজ করবে। মন্ত্রণালয়গুলো থেকে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে দিবসটি উদযাপনের নির্দেশ প্রদান করবে।

এছাড়া জাতীয় শিশু দিবসে সব জেলা ও উপজেলা সদরে শিশু সমাবেশ ও আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠিত হবে। এদিন জেলা ও উপজেলাগুলোতে আলোচনা সভা ও সাস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করতে হবে। বাংলাদেশ শিশু একাডেমি, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী কর্মকর্তা, জেলা শিশু সংগঠন ও জেলা শিশু বিষয়ক কর্মকর্তারা এসব কর্মসূচি আয়োজনের ব্যবস্থা করবেন।